দৈনিক সংবাদ

তারিখ ... 15 MAY 1990 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 2 ...

45

# আরো ৭৪৩ জন এসএসসি পরীক্ষার্থী বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার এসএসসি পরীক্ষার শেষ খবর পাওয়া পর্যন্ত মোট ৭৪৩ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে এবং ১৯জন শিক্ষককে নকলে সহযোগিতার দায়ে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের দায়ে গ্রেফতার ও সাজা হয়েছে ৯ জনের। কুমিল্লায় বহিষ্কৃতদের হাতে পরিদর্শক লাঞ্ছিত হবার খবর পাওয়া গেছে।

ঢাকা বোর্ড সূত্রে জানা গেছে, গতকাল সমাজবিজ্ঞান ১ম পত্রের পরীক্ষার সময় নকলের দায়ে মুন্সীগঞ্জে ১৫, টাঙ্গাইলে ৫৯, ফরিদপুরে ৫০,

(৭-এর পাতায় দেখুন)

## পরীক্ষার্থী বহিষ্কৃত

(১ম পাতার পর)

মাদারীপুরে ১৮, শরিয়তপুরে ১৬, রাজবাড়ীতে ১৩, গোপালগঞ্জে ৫৩, কিশোরগঞ্জে ৬১ এবং নেত্রকোনায় ১৮ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়। নকলে সহযোগিতার দায়ে ফরিদপুরে ১জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন।

জামালপুর থেকে জেলা বার্তা পরিবেশক জানানঃ জামালপুর জেলার ৭টি এসএসসি পরীক্ষা কেন্দ্রে নকলের দায়ে ৭৯জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে ইসলামপুরে ৪০, দেওয়ানগঞ্জে ৯, মাদারগঞ্জে ৮, মেলান্দহে ৭, বকশীগঞ্জে ৬, সরিষাবাড়ীতে ৫ এবং জামালপুর সদর উপজেলায় ৪জন বহিষ্কৃত হয়েছে।

ইসলামপুর কেন্দ্রে নকল সরবরাহের দায়ে ৯জনকে গ্রেপ্তার করা হয়েছে। এদের মধ্যে ৪জনকে ১৫ দিনের কারাদণ্ড, বাকীদেরকে একশ' টাকা জরিমানা অনাদায়ে একদিনের হাজতবাসের নির্দেশ দেয়া হয়েছে।

শেরপুরে আজ ৫টি কেন্দ্র থেকে ৩৮জনকে বহিষ্কার করা হয়েছে। শেরপুর ও শ্রীবর্দী উপজেলায় ১১ জন করে নকলাতে ৮, ঝিনাইগাতিতে ৪ এবং নালিতাবাড়ী উপজেলায় ৩ জন বহিষ্কৃত হয়েছে।

নরসিংদী থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ নরসিংদী জেলার তিনটি কেন্দ্র থেকে ১৭জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নরসিংদী সদর থেকে ৪, মনোহরদী থেকে ১১ এবং রায়পুরা থেকে ২ জনকে বহিষ্কার করা হয়।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান ঃ গতকাল ৭টি উপজেলার ১০টি কেন্দ্র থেকে ২৮জন এসএসসি পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতা করায় হরিরামপুর ও সিঙ্গাইরে ২জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন।

রাঙ্গামাটি থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ গতকাল বিকেলে সমাজবিজ্ঞান পরীক্ষায় নকলের দায়ে রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৪ জনকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ গতকাল বিকেলে কুমিল্লার ৬টি কেন্দ্রে নকল করার দায়ে ৮৪জন পরীক্ষার্থীকে ও ৩ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে লাকসামে ২জন ও মুরাদনগরে ১জন শিক্ষক রয়েছেন।

এছাড়া লাকসামে বোর্ড পরিদর্শক দলের সদস্য সহকারী হিসাব রক্ষণ অফিসার বহিষ্কৃত ছাত্রদের হাতে লাঞ্ছিত হয়েছেন।

বরগুনা থেকে নিজস্ব সংবাদদাতার ফোন ঃ গতকাল বরগুনার বিভিন্ন কেন্দ্র থেকে ৭জন শিক্ষক এবং ৩০জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ গতকাল ৭টির মধ্যে ৩টি কেন্দ্র থেকে ১৫জন ছাত্র-ছাত্রী বহিষ্কৃত হয়েছে নকলের দায়ে।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ গতকাল মুক্তাগাছা কেন্দ্র ও মৃত্যুঞ্জয় স্কুল কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহায়তার জন্য ৩জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। এছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে ৫২জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কুষ্টিয়া থেকে নিজস্ব সংবাদদাতার ফোন ঃ গতকাল কুষ্টিয়া জেলায় ৪৬জন এসএসসি ও ১০জন ডিগ্রী পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানানঃ বিকেলে সমাজবিজ্ঞান পরীক্ষায় নকলের দায়ে চট্টগ্রামের ১টি কেন্দ্রে ৮জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

ঠাকুরগাঁ সংবাদদাতা জানানঃ গতকাল ৩৯জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে।